গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
কর পরিদর্শন পরিদপ্তর,
রিজ আহমেদ স্কয়ার (১৫ তলা)
৫০/১, ভি.আই.পি রোড, নয়াপল্টন, ঢাকা।
www.taxesinspection.gov.bd

নথি নং- ১ই(৬) ডি.আই.টি/২০২১-২০২২/৫০২ তারিখঃ- ২৭/০৯/২০২১ খ্রিঃ।

# নিয়োগ বিজ্ঞপ্তি

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের, অধিশাখা- ৩ (কর) এর স্মারক নম্বর- ০৮.০০.০০০০.০৩৭.১১.০০১.১৯.৬৭, তারিখ- ১০/০৩/২০২১ খ্রিঃ অনুযায়ী কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা এর অধীনে শূণ্য পদের বিপরীতে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্তে বাংলাদেশের নিম্নোক্ত জেলাসমূহের প্রকৃত স্থায়ী বাসিন্দা/নাগরিকদের নিকট হতে পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের শর্ত সাপেক্ষে আবেদন পত্র আহবান করা যাচ্ছে ঃ

| ক্রমিক নং | পদের নাম ও বেতনস্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী) | শুন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার স্থায়ী বাসিন্দা/ নাগরিকগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ০১। | উচ্চমান সহকারী<br>(গ্রেড- ১৪)<br>(১০২০০-২৪৬৮০) | ০১ (এক) টি | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা।<br>গ) কম্পিউটার টাইপিং গতি প্রতি মিনিটে ২৫(বাংলা) ও ৩০ (ইংরেজী) শব্দ।<br>ঘ) কম্পিউটার Word processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনায় দক্ষতা অভিজ্ঞতা থাকতে হবে। | ঢাকা, নরসিংদী, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, চট্টগ্রাম, রাজশাহী, বগুড়া, রংপুর, গাইবান্ধা, সিলেট, সুনামগঞ্জ। |
| ০২। | সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর<br>(গ্রেড- ১৪)<br>(১০২০০-২৪৬৮০) | ০৯ (নয়) টি | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা।<br>গ) সাঁটলিপি লিখনে গতি প্রতি মিনিটে ৪৫ (বাংলা) ও ৭০ (ইংরেজী) শব্দ, কম্পিউটার টাইপিং গতি প্রতি মিনিটে ২৫(বাংলা) ও ৩০ (ইংরেজী) শব্দ।<br>ঘ) কম্পিউটার Word processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনায় | |
| ০৩। | গাড়ী চালক<br>(গ্রেড- ১৬)<br>(৯৩০০-২২৪৯০) | ০২ (দুই) টি | ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) হালকা যানবাহন চালনায় বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী হতে হবে। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। | |
| ০৪। | মেশিন অপারেটর<br>(গ্রেড- ১৮)<br>(৮৮০০-২১৩১০) | ০১ (এক) টি | ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) ফটোকপি মেশিন চালনার বাস্তব অভিজ্ঞতা। | ঢাকা, ময়মনসিংহ, জামালপুর, চট্টগ্রাম, কুমিল্লা, বরিশাল। |
| ০৫। | অফিস সহায়ক<br>(গ্রেড- ২০)<br>(৮২৫০-২০০১০) | ০৫ (পাঁচ) টি | কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| বাংলাদেশের সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধীগণ আবেদন করতে পারবেন। | | | | |

নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে ঃ-

১. ৩১-১০-২০২১ খ্রিষ্টাব্দ তারিখে সাধারণ প্রার্থীদের বয়সসীমা ১৮-৩০ বছর, তবে যাদের বয়স ২৫-০৩-২০২০ খ্রিঃ তারিখে ৩০ বছর পূর্ণ হয়েছে তারাও আবেদনের যোগ্য হিসাবে বিবেচিত হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ১৮-৩২ বৎসর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;

২. সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে;

৩. প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানগণ কিংবা সন্তান/সন্তানের পুত্র/কন্যা হলে আবেদন পত্রে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৪. প্রার্থীর যোগ্যতা যাচাই ঃ

(ক) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসুদপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং-১ হতে ৮) পর্যন্ত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১ টি করে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

১. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতা সনদপত্র ও গাড়ী চালক পদের প্রার্থীদের ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্সসহ শিক্ষাগত যোগ্যতা সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ)।
২. প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।
৩. মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি।
৪. ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার চেয়ারম্যান/কাউন্সিলর/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
৫. জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত অনুলিপি।
৬. Online- এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy) ও (Admit Card)।
৭. আবেদনকারী শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানগণ কিংবা সন্তান/সন্তানের পুত্র/কন্যা এ মর্মে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রমাণপত্র উপস্থাপন করতে হবে।
৮. শারীরিক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং মুক্তিযোদ্ধা কোটার আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পিতা-মাতার/পুত্র-কন্যার-পুত্র-কন্যাগণ পিতার পিতা মাতা/মাতার পিতা মাতার মুক্তিযোদ্ধার সনদপত্র।

৫. সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। সাঁট-লিপিকার কাম কম্পিউটার অপারেটর, উচ্চমান সহকারী, সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, গাড়ী চালক এবং মেশিন অপারেটর পদের লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হবে।

৬. সরকারী নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে।

৭. নিয়োগের বিষয়ে বাংলাদেশ সরকারের সর্বশেষ জারীকৃত পরিপত্র/নীতিমালা মোতাবেক সকল প্রকার নীতি অনুসরণ করা হবে।

৮. নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যেকোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৯. লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০. বিজ্ঞপ্তিটি কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকার ওয়েব সাইট www.taxesinspection.gov.bd তে পাওয়া যাবে।

১১. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে। যে কোন পর্যায়ে এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১২. উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১৩. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী ঃ

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি নিম্নোক্ত পদ্ধতিতে http:// dgi.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন:
(i) আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১০/১০/২০২১ খ্রিঃ, সকাল ১০:০০ ঘটিকা।
(ii) আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ৩১/১০/২০২১ খ্রিঃ, বিকাল ০৫.০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ আবেদনপত্র দাখিলের সময় থেকে ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

(গ) আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদন করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টেড কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান ঃ অনলাইনে আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতো ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারের ছবি সহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে আবেদন ফি বাবদ ১-৩ নং ক্রমিকের পদবীর আবেদনের জন্য ১০০/- (একশত) টাকা; টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/- টাকা সহ মোট ১১২/- টাকা এবং ৪-৫ নং ক্রমিকের পদবীর আবেদনের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা; টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ০৬/- টাকা সহ মোট ৫৬/- টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত পূরণকৃত আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS: DGI <space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example : DGI ABCDEF
Reply : Applicant's Name, Tk-112/56 will be charged as application fee. Your PIN is 12345678, To pay fee type DGI<space>YES<space> PIN and send to 16222 নম্বরে।
দ্বিতীয় SMS: DGI<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: DGI YES 12345678
Reply : Congratulations Applicant's Name. Payment Completed Successfully for DGI Application for (Post Name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx)

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dgi.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (কেবলমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। অনলাইনে আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক অনুসরণ করা বাঞ্ছনীয়। একই প্রবেশপত্র দিয়ে লিখিত এবং মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। উল্লেখ্য যে, পরীক্ষার তারিখ, সময় এবং কেন্দ্রের নাম প্রবেশপত্রে উল্লেখ থাকবে।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) কেবল টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং password পুনরুদ্ধার করতে পারবেন।
(i) User ID জানা থাকলে DGI <space>Help <space>User<space>User ID & Send to 16222.
Example : DGI Help User ABCDEF.
(ii) Pin Number জানা থাকলে DGI <space>Help <space>PIN <space> PIN Number & send to 16222.
Example : DGI Help PIN 12345678

(ঝ) Online- এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd বা dginspectiontaxes@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যাবে।
(Mail এর Subject- এ Organization Name : DGI Post Name :********, Applicant's User ID x Contanct Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

উল্লেখ্য যে, পরীক্ষার তারিখ, সময় এবং কেন্দ্রের নাম যথাসময়ে ওয়েবসাইটে (www.taxesinspection.gov.bd)/ SMS/ পত্রিকায় বিজ্ঞপ্তির মারফত জানানো হবে।

(মোঃ আয়ুব আলী)
উপ মহাপরিচালক (প্রশাসন)
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা।

জি-২০৫৫/২১ (১৬X৪)